



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৫.২০১৬/ ৩১৪/৬

তারিখ: ০২/০৩/২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ অনুযায়ী এমপিওভুক্ত বেসরকারি কলেজের [স্কুল এন্ড কলেজের (কলেজ শাখা) উচ্চ মাধ্যমিক কলেজ ও ডিগ্রি কলেজ] প্যাটার্নভুক্ত শূন্য পদের তথ্য প্রেরণ।

সূত্র: (ক) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৬৫.০৬.০২০.১৬.৯১; তারিখ: ১৭/০২/২০২১ খ্রি.  
(খ) অত্র অধিদপ্তরের এইচআরএম ইউনিট এর পত্র নং- ৩৭.০২.০০০০.১১৬.৪১.০০২.১৭.৩৩;  
তারিখ: ২২/০২/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ পত্র অনুসারে শিক্ষা মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক শূন্য পদ পূরণ ও পদোন্নতি প্রদান সংক্রান্ত বিষয়ে এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য পদের তথ্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর প্রদান করবে। বর্ণিত বিষয়ে সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্য অত্র অধিদপ্তরের এইচআরএম ইউনিট অনুরোধ করেন।

এমতাবস্থায়, জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ অনুযায়ী এমপিওভুক্ত বেসরকারি কলেজে প্যাটার্নভুক্ত শূন্য পদের তথ্য নিম্নোক্ত ছক মোতাবেক পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


ছক

ক্র. নং	শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, ইআইআইএন, এমপিও কোড, মোবাইল নম্বর, ই মেইল নম্বর	জেলার নাম	প্যাটার্নভুক্ত শূন্য পদের নাম (প্রযোজ্য ক্ষেত্রে বিষয়সহ)	শূন্য পদ সংখ্যা	মন্তব্য

উল্লেখ্য কোন প্রকার ভুল তথ্য প্রদান করা হলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

তথ্য প্রেরণের ঠিকানা:

হার্ড কপি	সফট কপি
উপপরিচালক (কলেজ- ২) কক্ষ নং- ৩১৪ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ১৬, আব্দুল গণি রোড, বাংলাদেশ, ঢাকা ফোন: ৪১০৫০২৮৮	Email-ncollege@dshe.gov.bd  (PDF Copy and Word Copy)

  
(মোঃ এনামুল হক হাওলাদার)  
উপপরিচালক (কলেজ- ২)  
ফোন: ৪১০৫০২৮৮

পরিচালক (সকল)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয়

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, সমন্বয় শাখা)
- ২। উপপরিচালক (এইচআরএম ইউনিট) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। সভাপতি, গভর্নিং বডি (সকল) .....
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি মাউশির ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। অধ্যক্ষ (সকল এমপিওভুক্ত বেসরকারি কলেজ) .....
- ৬। জেলা শিক্ষা অফিসার (সকল) (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ)
- ৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল) (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ)
- ৮। সংরক্ষণ নথি।